

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
(মুসক প্রাপ্তিকারণ ও আইচি)
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

‘সংশোধিত গণবিজ্ঞপ্তি’

মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির লক্ষ্যে আঁচ্ছাই ব্যক্তির নিকট হতে আবেদনপত্র আহ্বান

কোন কার্যধারায় কোন করদাতার পক্ষে প্রতিনিধিত্ব করা বা তাকে পরামর্শ প্রদানের জন্য চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারী বা লাইসেন্সধারী মুসক পরামর্শকগণের মধ্য হতে যেকোন ব্যক্তিকে নিয়োগ করা যাবে। উপর্যুক্ত (২) অনুযায়ী উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকালে, মুসক পরামর্শক হিসাবে কার্যক্রম পরিচালনা করতে আঁচ্ছাই প্রত্যেক ব্যক্তি, নির্ধারিত পদ্ধতি ও শর্তে, বোর্ডের নিকট আবেদন করলে মুসক পরামর্শক লাইসেন্স বিধিমালা, ২০১৯ এ নির্ধারিত পদ্ধতি ও শর্তে, উক্ত ব্যক্তিকে মুসক পরামর্শকের লাইসেন্স প্রদান করা হবে।

(২) মুসক পরামর্শক লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদনকারীর নিম্নবর্ণিত যোগ্যতা থাকতে হবে, যথা:-

- (ক) বাংলাদেশের নাগরিক হতে হবে;
 - (খ) আবেদনের তারিখে বয়স অন্তুন ২৫ (পঁচিশ) বৎসর হতে হবে;
 - (গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যেকোনো বিষয়ে স্নাতক বা সমমানের ডিগ্রিধারী হতে হবে;
 - (ঘ) মুসক নির্বাচিত বা তালিকাভুক্ত হতে হবে; এবং
 - (ঙ) মুসক বিভাগে জাতীয় বেতন ক্ষেত্রের নবম গ্রেডের নিম্নে নন এমন পদে ন্যূনতম ৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্মকর্তা বা ৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতাসম্পন্ন চার্টার্ড একাউন্টেন্ট বা চার্টার্ড সেক্রেটারি বা কস্ট অ্যান্ড ম্যানেজমেন্ট অ্যাকাউন্টেন্টগণকে উহাদের পঠিত সিলেবাসে মূল্য সংযোজন কর বিষয়ক কোর্সে অন্তর্ভুক্ত থাকা সাপেক্ষে পরীক্ষায় অংশগ্রহণ ব্যতীত আবেদন প্রাপ্তি সাপেক্ষে লাইসেন্স প্রদান করা হবে।
- (৩) নিম্নবর্ণিত যেকোনো ব্যক্তি মুসক পরামর্শক লাইসেন্স পাওয়ার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন, যথা:-
- (ক) সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত বা স্থানীয় কর্তৃপক্ষের অধীনে চাকুরি হতে অপসারিত, বরখাস্তকৃত বা বাধ্যতামূলকভাবে অবসরপ্রাপ্ত কোন ব্যক্তি;
 - (খ) ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত ব্যক্তি, যার সাজা ভোগ শেষ হওয়ার পর ৫ (পাঁচ) বৎসর সময় অতিবাহিত হয়নি; এবং
 - (গ) ইতৎপূর্বে যার মুসক পরামর্শক, ক্লিয়ারিং ও ফরোয়ার্ডিং, ফ্রেইট ফরোয়ার্ডার্স, কুরিয়ার সার্ভিস এজেন্ট, শিপিং এজেন্ট বা আয়কর পরামর্শকের লাইসেন্স বাতিল করা হয়েছে এমন কোন ব্যক্তি।
- (৪) উল্লিখিত যোগ্যতাসম্পন্ন কোনো ব্যক্তিকে মুসক পরামর্শক হিসেবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে মুসক পরামর্শক লাইসেন্স বিধিমালা, ২০১৯ অনুযায়ী মুসক ফরম ১৮.১ এ জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করতে হবে।
- (৫) মুসক পরামর্শক লাইসেন্সের জন্য আবেদনপত্রের সাথে আবেদনকারীকে নিম্নবর্ণিত দলিলাদি দাখিল করতে হবেঃ
- (ক) বয়স নির্ধারণের জন্য এসএসসি বা সমমানের পরীক্ষার সত্যায়িত সনদ;
 - (খ) ০৩ (তিনি) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি;
 - (গ) শিক্ষাগত যোগ্যতা বা প্রযোজ্য ক্ষেত্রে, অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি;
 - (ঘ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি; এবং
 - (ঙ) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি এর অনুকূলে পরীক্ষার ফি হিসেবে ১০ (দশ) হাজার টাকা মূল্যমানের পে-আর্ডার।
- (৬) অসম্পূর্ণ কোন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- (৭) অর্ধবার্ষিক ভিত্তিতে প্রাপ্ত আবেদনপত্র জাতীয় রাজস্ব বোর্ড, মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমিতে প্রেরণ করবে।
- (৮) মহাপরিচালক, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি প্রতি বছর জানুয়ারি-জুন মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে আগস্ট বা সেপ্টেম্বর মাসে এবং জুলাই-ডিসেম্বর মেয়াদে প্রাপ্ত আবেদনের ভিত্তিতে ফেব্রুয়ারি বা মার্চ মাসে লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করবেন।